


নদীখাত উৎখাত! The Degrading Riverbeds!

পরিবেশ নিয়ে কথা! বলে বহু লোকে,
সেমিনারে বানী দেয়, হাতে নেয় Bouquet.
Podium থেকে তারা নেমে আসে যেই –
গাড়িতে চাপলে পরে AC চালাবেই!

“জীবনের ধর্ম” কি শেখাতেই পারো,
নদীখাত ছাড়া জমি আছে বটে আরও –
তবু এ সহজ কথা না মানার মানে?
উৎসব-উৎপাত কেন সেই-খানে?

নদীর বুকের থেকে বেআইনী ভাবে,
তোল বালি - মনে ভাব, ‘সব ঠিক যাবে’.
নদীস্রোত কোথা গেল, ভাবতে তো থামো!
মেঘের মিনার হতে এবার তো নামো?



নদীর চলার পথে বাধা দিতে পারো,
Concrete জঙ্গল গড়ে তোল আরও -
সবুজের পরিসর ছোট করে তোল,
প্রকৃতির প্রতিশোধ অনায়াসে ভোল!

কারখানা নদীমাঝে ঢালে বিষজল,
নীৰ তো আজকে আৰ নয় নিৰ্মল.
নদীৰ বাঁচাৰ তৰে অধিকাৰ নেই?
মানুষেৰ পৰাজয় সেইখানেতেই!

দেবশিস চক্ৰবৰ্তী
Debashis Chakraborty
Illustration : Anandajit Goswami